তারিখ ... 05 JUL 2016
পৃষ্ঠা ... 6 ... কলাম ... 4

দৈনিক
ইত্তেফাক

# মূলগ্রাম বিদ্যালয়ে নানা সংকট পাঠদান ব্যাহত

■ কেশবপুর (যশোর) সংবাদদাতা

উপজেলার মূলগ্রাম মাধ্যমিক বিদ্যালয়টি নানা সংকটে জর্জরিত। দীর্ঘদিনেও প্রতিষ্ঠানটির অবকাঠামোর কোন উন্নয়ন হয়নি। ফলে শ্রেণিকক্ষের অভাবে শিক্ষার্থীদের খোলা আকাশের নিচে পাঠদান করতে হয়।

বিদ্যালয়ের অফিস সূত্রে জানা গেছে, কেশবপুর সদর ইউনিয়নের মূলগ্রামে ১৯৭৩ সালে মূলগ্রাম মাধ্যমিক বিদ্যালয়টি স্থাপিত হয়। বর্তমান বিজ্ঞান, কমার্স ও জেনারেল শাখায় চার শতাধিক শিক্ষার্থী অধ্যয়নরত রয়েছে। মাঝে-মধ্যে কক্ষ সংকট দেখা দিলে মাঠের মধ্যে খোলা আকাশের নিচে শিক্ষার্থীদের পাঠদান করাতে হয়। সহকারী প্রধান শিক্ষক স্বপন মন্ডল বলেন, প্রতিষ্ঠানটির ১৩টি শ্রেণিকক্ষের প্রয়োজন থাকলেও আছে মাত্র নয়টি। এরই মধ্যে চার শতাধিক শিক্ষার্থীর পাঠদান করাতে গিয়ে হিমশিম খেতে হচ্ছে। এ প্রতিষ্ঠানে বিজ্ঞান বিভাগ চালু থাকলেও নেই বিজ্ঞানাগার। বিদ্যালয়ের প্রধান শিক্ষক দীন ইসলাম বলেন, এ প্রতিষ্ঠানে শত বাধার পরও জেএসসি ও এসএসসি পরীক্ষায় প্রতিবছরই শতভাগ শিক্ষার্থী পাস করে থাকে।

এ ব্যাপারে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা নাজমুল হক বলেন, প্রতিষ্ঠানটির সমস্যার কথা উর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হয়েছে। প্রতিষ্ঠানের সভাপতি চেয়ারম্যান অধ্যাপক আলাউদ্দীন জানান, আসবাবপত্র দেয়ার পরিকল্পনা রয়েছে।